



বাংলাদেশ ব্যাংক

প্রধান কার্যালয়

মতিঝিল, ঢাকা -১০০০
বাংলাদেশ

মনিটরিং পলিসি ডিপার্টমেন্ট

এমপিডি সার্কুলার নং-০১

তারিখ: মার্চ ২৩, ২০২০
চৈত্র ০৯, ১৪২৬

ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী
বাংলাদেশে কার্যরত সকল তফসিলি ব্যাংক কোম্পানি

বাংলাদেশ ব্যাংকে নগদ জমা সংরক্ষণ প্রসঙ্গে

প্রিয় মহোদয়,

এপ্রিল ০৩, ২০১৮ তারিখের এমপিডি সার্কুলার নং ০১ মোতাবেক বর্তমানে বাংলাদেশের সব তফসিলি ব্যাংক (শরীয়াহ ভিত্তিক ব্যাংকসহ)-কে তাদের মোট তলবি ও মেয়াদি দায়ের ৫.৫ (পাঁচ দশমিক পাঁচ) শতাংশ দ্বি-সাপ্তাহিক গড় ভিত্তিতে এবং ন্যূনতম ৫.০ (পাঁচ) শতাংশ দৈনিক ভিত্তিতে বাংলাদেশ ব্যাংকে নগদ জমা হিসেবে সংরক্ষণ করতে হয়।

এক্ষণে এ মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়েছে যে, এপ্রিল ০১, ২০২০ তারিখ হতে উল্লিখিত নগদ জমা সংরক্ষণের হার দ্বি-সাপ্তাহিক গড় ভিত্তিতে ৫.০ (পাঁচ) শতাংশ এবং দৈনিক ভিত্তিতে ন্যূনতম ৪.৫ (চার দশমিক পাঁচ) শতাংশ হবে।

অনুগ্রহপূর্বক প্রাপ্তি স্বীকার করবেন।

আপনাদের বিশ্বস্ত,

M. Julhasuddin

(মোঃ জুলহাস উদ্দিন)

মহাব্যবস্থাপক

ফোন: ৯৫৩০০৫৯



বাংলাদেশ ব্যাংক

প্রধান কার্যালয়

মতিঝিল, ঢাকা -১০০০
বাংলাদেশ

মনিটারি পলিসি ডিপার্টমেন্ট

এমপিডি-১১৬/২০২০-৩৮০

তারিখ: মার্চ ২৩, ২০২০
চৈত্র ০৯, ১৪২৬

প্রজ্ঞাপন

বাংলাদেশ ব্যাংক আদেশ, ১৯৭২ (রাষ্ট্রপতির ১৯৭২ সনের আদেশ নং ১২৭) এর ৩৬(১) ধারা অনুসারে বাংলাদেশে কার্যরত সকল তফসিলি ব্যাংক (শরীয়াহ ভিত্তিক ব্যাংকসহ) কর্তৃক তাহাদের মোট তলবি ও মেয়াদি দায় হইতে বাংলাদেশ ব্যাংকে নগদ জমা রাখিবার যে বিধান রহিয়াছে উহার পরিমাণ উক্ত আদেশে প্রদত্ত ক্ষমতাবলে বিদ্যমান দ্বি-সাপ্তাহিক গড় ভিত্তিতে ৫.৫ (পাঁচ দশমিক পাঁচ) শতাংশ এবং দৈনিক ভিত্তিতে ন্যূনতম ৫.০ (পাঁচ) শতাংশ হইতে হ্রাস করিয়া দ্বি-সাপ্তাহিক গড় ভিত্তিতে ৫.০ (পাঁচ) শতাংশে এবং দৈনিক ভিত্তিতে ন্যূনতম ৪.৫ (চার দশমিক পাঁচ) শতাংশে নির্ধারণ করা হইল।

০২। এই আদেশ এপ্রিল ০১, ২০২০ তারিখ হইতে কার্যকর হইবে।

(এস, এম, মনিরুজ্জামান)
ডেপুটি গভর্নর